# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

তারিখ: ০৭.০৩.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

### পরিবেশ রক্ষায় চট্টগ্রামে চালু হয়েছে "ক্লিন বাংলাদেশ প্লাস্টিক এক্সচেঞ্জ কর্নার”

নগরীর জলাবদ্ধতা ও প্লাস্টিক দূষণ মোকাবিলায় ক্লিন বাংলাদেশ-এর উদ্যোগে এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন-এর সহযোগিতায় যাত্রা শুরু করলো “প্লাস্টিক এক্সচেঞ্জ কর্নার” । পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে চালু হওয়া এই বিশেষ কর্মসূচির মাধ্যমে ব্যবহৃত প্লাস্টিক ও পলিথিনের বিনিময়ে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য বিতরণ করা হচ্ছে।চকবাজার কাঁচাবাজারের সামনে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। এই সময় আরও উপস্থিত ছিলেন বিভিন্ন সমাজকর্মী, পরিবেশবাদী সংগঠনের প্রতিনিধি, সিটি কর্পোরেশনের কর্মকর্তারা ও সাধারণ জনগণ।চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বলেন পরিবেশ রক্ষা ও জলাবদ্ধতা সমস্যা সমাধানে আমাদের সম্মিলিত প্রচেষ্টা দরকার। ক্লিন বাংলাদেশ-এর এই উদ্যোগ প্রশংসনীয়, কারণ এটি জনসচেতনতা বৃদ্ধির পাশাপাশি নগর পরিচ্ছন্নতার জন্য একটি বাস্তবসম্মত সমাধান দিচ্ছে। আমরা চাই এই কার্যক্রম আরও সম্প্রসারিত হোক এবং নগরবাসী প্লাস্টিক বর্জ্যের ক্ষতিকর দিক সম্পর্কে আরও সচেতন হোক।ক্লিন বাংলাদেশ-এর প্রতিষ্ঠাতা শওকত হোসেন জনি বলেন আমাদের শহরের অন্যতম প্রধান সমস্যা হলো প্লাস্টিক বর্জ্য ও জলাবদ্ধতা। আমরা সবাই জানি, নালা ও ড্রেনগুলো প্লাস্টিকের কারণে বন্ধ হয়ে যায়, যার ফলে সামান্য বৃষ্টি হলেই জলাবদ্ধতা সৃষ্টি হয়। আমরা চেয়েছি সমস্যার একটি কার্যকর সমাধান দিতেড়্যেখানে পরিবেশ রক্ষা ও মানবিক সহায়তা একসাথে করা যায়। তাই, ‘প্লাস্টিক আনুন, নিত্যপ্রয়োজনীয় পণ্য নিন’ এই ধারণা নিয়ে আমরা এই উদ্যোগ নিয়েছি। এটি শুধু প্লাস্টিক দূষণ রোধ করবে না, বরং নিম্ন আয়ের মানুষের জন্য রমজানের সময়ে সহায়তা হিসেবে কাজ করবে।”রমজান মাসব্যাপী প্রতি শুক্রবার ও শনিবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত নগরীর চকবাজার, বহদ্দারহাট ও আগ্রাবাদ কাঁচাবাজারের সামনে এই কার্যক্রম চলবে। ব্যবহৃত প্লাস্টিক ও পলিথিন জমা দিয়ে চনা, ছোলা, খেজুর, ছিড়া, আলু, পেঁয়াজ, ডিমসহ বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করতে পারবেন সাধারণ জনগণ।এই আয়োজন সফলভাবে পরিচালনা করছেন ক্লিন বাংলাদেশ-এর সাধারণ সম্পাদক তানভীর রিসাত ও টিম লিড করছে ইমন, আলভি, জাহিদ, প্রমি, তানজিফা। পাশাপাশি সদস্য হিসেবে কাজ করছে সাকিব, ইয়াজ, মুনতাসির, পার্থ। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, মহানগর বিএনপির যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক এমদাদুল হক বাদশা, বিশিষ্ট সমাজ সেবক ও রাজনীতিবিদ মনিরুল ইসলাম ইউসুফ ও বিএনপির স্থানীয় নেতাকর্মী উপস্থিত ছিলেন।ক্লিন বাংলাদেশ আশা করছে, এই উদ্যোগ নগরবাসীর মধ্যে প্লাস্টিক ব্যবহারের কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করবে এবং পরিবেশবান্ধব অভ্যাস গড়ে তুলতে সহায়তা করবে।

### দুস্থ ও অসহায়দের মাঝে ইফতার সামগ্রী বিতরণে চসিক মেয়র: রমজানের শিক্ষা মানবসেবায় কাজে লাগান



পবিত্র রমজান মাসে অসহায় ও দুস্থ মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। তিনি বলেন, "রমজান আত্মশুদ্ধি ও ত্যাগের মাস। এই মাসে সামর্থ্যবানদের উচিত দরিদ্র ও অসহায় মানুষের পাশে দাঁড়ানো।"শুক্রবার চট্টগ্রাম মহানগর মহিলা দলের সিনিয়র যুগ্ম সম্পাদক রাবেয়া বেগম রাবু'র ব্যক্তিগত উদ্যোগে দুস্থ ও অসহায়দের মাঝে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।হিলভিউ আবাসিক এলাকায় আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম মহানগর মহিলা দলের সভাপতি মনোয়ারা বেগম মনি। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মহিলা দলের সাধারণ সম্পাদক জেলি চৌধুরী।প্রধান অতিথির বক্তব্যে চসিক মেয়র বলেন, "সমাজের সুবিধাবঞ্চিত মানুষদের সহায়তা করা আমাদের নৈতিক দায়িত্ব। ব্যক্তি উদ্যোগে এ ধরনের জনকল্যাণমূলক কাজ আরও বেশি হওয়া উচিত।" তিনি আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, "এ ধরনের মানবিক উদ্যোগ সমাজে ইতিবাচক পরিবর্তন আনে।"অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির আহ্বায়ক এরশাদ উল্লাহ। তিনি বলেন, "এই ধরনের উদ্যোগ শুধু রমজানেই নয়, সারা বছর ধরে অব্যাহত রাখা উচিত। সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে হবে।"

ইফতার বিতরণ কার্যক্রমে উপস্থিত ছিলেন মহানগর বিএনপির যুগ্ম আহবায়ক আর ইউ শাহিন, ইসকান্দর মির্জা, কামরুল ইসলাম ,জাফর আহমেদ , বিএনপি নেতা মনজুরুল আলম মনজু ,মনির আহমেদ চৌধুরী, মহানগর স্বেচ্ছাসেবক দলের সাবেক সাংগঠনিক সম্পাদক জিয়াউর রহমান জিয়া ,এরশাদ হোসেন, এডভোকেট এফ এ সেলিম, কামরুল ইসলাম, মহানগর ও ওয়ার্ড বিএনপির নেতৃবৃন্দ

আয়োজকরা জানান, এই উদ্যোগের মাধ্যমে অসহায় ও দুস্থ পরিবারের মাঝে প্রয়োজনীয় খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে, যা তাদের ইফতার ও সেহরির জন্য সহায়ক হবে।

## চকবাজার কাঁচা বাজার পরিদর্শনে চসিক মেয়র
## রোজার মাসে নিত্যপণ্যের দাম সহনীয় রাখার আহ্বান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সহনীয় রাখতে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন। শুক্রবার চকবাজার কাঁচা বাজার পরিদর্শনকালে তিনি এ আহ্বান জানান।



চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম পরিচালনা করছে উল্লেখ করে তিনি জানান, ভোক্তাদের স্বার্থে এ ধরনের পরিদর্শন অব্যাহত থাকবে। তিনি ভোজ্যতেলসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মজুতদারির মাধ্যমে জনভোগান্তি নিরসনে নিয়মিত অভিযানের ঘোষণা দিয়ে বলেন, আমরা ইতোমধ্যে বিভিন্ন বাজারে অভিযান পরিচালনা করে মজুতদারির মাধ্যমে জনভোগান্তিমজুতদারির মাধ্যমে জনভোগান্তি সৃষ্টি করায় অসাধু ব্যবসায়ীদের জরিমানা করেছি। এছাড়া, জেলা প্রশাসন ও ব্যবসায়ীদের সাথে সভা করে তেলের মূল্য নির্ধারণসহ নানামুখি পদক্ষেপ নিয়েছি মেয়র বলেন, "রমজান পবিত্রতার মাস। এ মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বৃদ্ধি না করে ক্রেতাদের স্বস্তি দেওয়া ব্যবসায়ীদের নৈতিক দায়িত্ব। চসিক সর্বদা বাজার মনিটরিং করছে এবং কোনো অযৌক্তিক মূল্যবৃদ্ধি হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।"

পরিদর্শনকালে মেয়র বাজারের বিভিন্ন দোকানে যান, ক্রেতা-বিক্রেতাদের সঙ্গে কথা বলেন এবং নিত্যপণ্যের মূল্য ও সরবরাহ সম্পর্কে খোঁজখবর নেন। ব্যবসায়ীদের উদ্দেশ্যে তিনি বলেন, "জনস্বার্থ রক্ষায় একসাথে কাজ করতে হবে। বাজারে কৃত্রিম সংকট তৈরি করা চলবে না।" এ সময় চসিকের ঊর্ধ্বতন কর্মকর্তারা, স্থানীয় জনপ্রতিনিধি ও ব্যবসায়ী নেতারা উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮